লাতভিয়া

EUROPEAN UNION AGENCY FOR ASYLUM

# রিসেপশনে আপনার অধিকার ও বাধ্যবাধকতা



এই তথ্যগুলো আপনার জানার জন্য, যদি:

- আপনার বয়স 18 বছরের নিচে হয়
- আপনি নিজের বাবা-মা ছাড়া এসেছেন, হয় একা, না হয় অন্য কোনো পরিবারের সদস্যদের সঙ্গে
- আপনি লাতভিয়ায়  অ্যাসাইলামের জন্য আবেদন করেছেন (যাকে আন্তর্জাতিক সুরক্ষাও বলা হয়)

BENGALI

# বিষয়বস্তু


| | |
|---|---|
| আপনি এই দেশে নিরাপদ | 3 |
| কারা আপনাকে সাহায্য করবে? | 3 |
| একজন প্রতিনিধির ভূমিকা কী? | 3 |
| আর কারা আপনাকে সাহায্য করতে পারে? | 4 |
| আপনি কী কী পাবেন? | 6 |
| স্বাস্থ্য পরিষেবা পাওয়ার অধিকার | 8 |
| কর্মকর্তা এবং প্রতিনিধিকে জানান | 9 |
| সর্বোত্তম স্বার্থ মূল্যায়ন কী? | 10 |
| শিক্ষার অধিকার | 10 |
| কাজ করার অধিকার | 11 |
| আপনার অ্যাসাইলাম প্রার্থীতার নথি | 11 |
| আপনি কোথায় থাকবেন? | 12 |
| যদি কেউ আপনার সাথে খারাপ আচরণ করে তাহলে আপনি কী করতে পারেন? | 13 |
| আপনার রিসেপশন সংক্রান্ত বাধ্যবাধকতা কী? | 14 |
| যদি আপনি আপনার বাধ্যবাধকতাগুলি পালন না করেন, তাহলে কী হবে? | 15 |
| অ্যাসাইলামের জন্য আবেদন করার এবং অন্য দেশে ভ্রমণ করার নিয়মাবলী | 16 |
| আপনি যদি EU + দেশগুলির মধ্যে একটিতে চলে যান তবে কী হবে? | 17 |
| যদি কর্তৃপক্ষের নেওয়া সিদ্ধান্তের সঙ্গে আপনি একমত না হন, তাহলে কারা আপনাকে সাহায্য করতে পারে? | 18 |
| যদি কোনো সহায়তা বদলে যায়, তাহলে কী হবে? | 19 |
| যোগাযোগের বিবরণ | 20 |

## আপনি এই দেশে নিরাপদ

আপনি কর্তৃপক্ষকে জানিয়েছেন যে আপনি নিজের দেশে ফিরে যেতে পারবেন না কারণ সেখানে আপনি বিপদে পড়বেন এবং আপনি অ্যাসাইলামের জন্য আবেদন করেছেন। আপনি লাতভিয়ায় একজন অ্যাসাইলাম প্রার্থী।

যদি সবকিছু নতুন মনে হয়, সেটা স্বাভাবিক। আপনি এই দেশে নিরাপদ এবং একা নন।

## কারা আপনাকে সাহায্য করবে?

ইউরোপে, যাদের বয়স 18 বছরের নিচে, তাদের সবাইকে শিশু হিসেবে ধরা হয়। প্রতিটি শিশুরই **বিশেষ সহায়তা** পাওয়ার অধিকার আছে।



যেহেতু আপনি আপনার বাবা-মা ছাড়া এখানে আছেন, তাই একজন প্রাপ্তবয়স্ক যাকে প্রতিনিধি বলা হয়, তিনি আপনাকে সাহায্য করবেন। এই ব্যক্তি কোনো কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন নয়।

যদি আপনি এখনও নিজের প্রতিনিধির সঙ্গে দেখা না করে থাকেন, তাহলে যত দ্রুত সম্ভব তার সঙ্গে দেখা করবেন।

## প্রতিনিধি-এর ভূমিকা কী?

আপনার প্রতিনিধি আপনার থাকার জায়গা সম্পর্কিত সবকিছু আপনাকে ব্যাখ্যা করবেন এবং আপনার প্রশ্নগুলোর উত্তর খুঁজে পেতে সাহায্য করবে। উদাহরণস্বরূপ, আপনি কীভাবে স্কুলে যেতে পারেন, কীভাবে ডাক্তার দেখাতে পারেন, কোথায় থাকবেন, কীভাবে নিজের পরিবারকে খুঁজে পাবেন বা তাদের সাথে যোগাযোগ করবেন। অন্যান্য কর্মকর্তারাও এই প্রশ্নগুলির ক্ষেত্রেও আপনাকে সাহায্য করবেন।

আপনার/প্রতিনিধি কর্তৃপক্ষকে জানায় আপনার কী প্রয়োজন, আপনাকে পরামর্শ দেন এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করেন।

আপনি সবসময় নিজের চাহিদা ও অনুভূতি প্রকাশ করতে পারেন এবং প্রতিনিধিকে নিজের মতামত জানাতে পারেন।

যদি প্রতিনিধির সঙ্গে কোনো মতবিরোধ হয়, কর্মকর্তাদের জানান।

## আর কারা আপনাকে সাহায্য করতে পারে?



- একজন **সামাজিক কর্মী/মেন্টর** আপনার দৈনন্দিন চাহিদা মেটাতে সাহায্য করবেন বা অন্য বিশেষজ্ঞদের সঙ্গে যোগাযোগ করিয়ে দেবেন যারা কোনো নির্দিষ্ট সমস্যায় সাহায্য করতে পারেন।
- একজন **চিকিৎসক** বা **নার্স** আপনাকে সাহায্য করবেন, যদি আপনি অসুস্থ বোধ করেন, আহত হন, বা কোনো চিকিৎসার প্রয়োজন হয়।
- একজন **মনোবিজ্ঞানী** আপনাকে সাহায্য করবেন যদি আপনি বিষণ্ণ, রাগান্বিত, ভীত বা চিন্তিত বোধ করেন, বা ঘুমাতে সমস্যা হয়।
- একজন **আইনি উপদেষ্টা** আপনাকে সাহায্য করবে এটা বুঝতে যে অ্যাসাইলাম প্রসিডিউর চলার সময় কী ঘটবে এবং যদি মনে করেন নিজের অধিকার রক্ষা করা হচ্ছে না সেই ক্ষেত্রে।
- একজন **দোভাষী** আপনাকে এমন একটি ভাষায় যোগাযোগ করতে সাহায্য করতে পারে যা আপনি বুঝতে পারেন।

## বয়স মূল্যায়ন কী?



আপনি যদি নিজের বয়স প্রমাণ করার মতো কোনো নথি ছাড়াই ইউরোপে আসেন এবং কর্তৃপক্ষের আপনার বয়স সম্পর্কে কোনো সন্দেহ হয়, তবে তারা আপনাকে **বয়স মূল্যায়ন** নামে একটি পদ্ধতিতে অংশ নিতে বলবে। এইভাবে, তারা সিদ্ধান্ত নিতে পারবেন যে তারা আপনাকে শিশু হিসাবে বিবেচনা করবেন কি-না।

যদি আপনাকে বয়স নির্ধারণ প্রক্রিয়ায় অংশ নিতে বলা হয়, তাহলে আপনার প্রতিনিধি আপনাকে পুরো প্রক্রিয়াটি ব্যাখ্যা করবে।

## যদি আপনি নিজের পরিবারের সঙ্গে যোগাযোগ করতে চান, তাহলে কী করবেন?



- যদি আপনি না জানেন আপনার পরিবার কোথায় আছে, বা তাদের সঙ্গে যোগাযোগ হারিয়ে ফেলেন, তাহলে আপনি নিজের প্রতিনিধি বা কর্মকর্তাদের কাছে সাহায্য চাইতে পারেন। তারা আপনার পরিবারের খোঁজ পেতে আপনাকে সাহায্য করবেন।
- আপনি যদি জানেন যে আপনার পরিবার কোথায় আছে এবং আপনার কাছে তাদের যোগাযোগের বিবরণ থাকে, তাহলে আপনি চাইলে কর্মীরা আপনাকে তাদের কল করতে সাহায্য করতে পারে।
- যদি আপনার পরিবার ইউরোপে থাকে, তবে কর্মকর্তাদের আপনার পরিবারের সম্পর্কে যা কিছু জানেন তা সব জানান।

## সাবধানে থাকুন, কিছু মানুষ আপনাকে বিপদে ফেলে দিতে পারে।



আপনি হয়তো এই দেশ ছেড়ে যাওয়ার কথা ভাবছেন অথবা হয়তো কিছু লোক আপনাকে চলে যেতে রাজি করানোর চেষ্টা করছে। এটি আপনার পক্ষে বিপজ্জনক হতে পারে এবং আপনার অ্যাসাইলামের আবেদনের উপর খারাপ প্রভাব ফেলতে পারে। আপনার প্রতিনিধি এবং কর্মকর্তাদের সাথে কথা বলুন, আপনি তাদের পরিস্থিতি সমন্ধে বুঝিয়ে বলতে পারেন এবং তারা আপনাকে পরামর্শ দিতে পারবেন।

## আপনি কী কী পাবেন?

কর্তৃপক্ষ আপনার অ্যাসাইলাম আবেদন পরীক্ষা করার জন্য অপেক্ষা করার সময় আপনি বিভিন্ন ধরনের সহায়তা এবং পরিষেবা পাবেন। এটিকে বলা হয় **রিসেপশন**।


একজন শিশু এবং অ্যাসাইলাম প্রার্থী হিসেবে, আপনার কিছু অধিকার আছে কিন্তু কিছু বাধ্যবাধকতাও আছে যা আপনাকে মেনে চলতে হবে। এগুলো এই ব্রোশিওরে ব্যাখ্যা করা হয়েছে।

কর্মীরা আপনাকে এটা নিশ্চিত করতে বলবে যে আপনি এই ব্রোশিওরে দেওয়া তথ্য বুঝতে পেরেছেন কি-না। যদি আপনি এই ব্রোশিওরের কোনো অংশ বুঝতে না পারেন বা আপনার কোনো প্রশ্ন থাকে, তাহলে প্রতিনিধি এবং কর্মকর্তাদের জিজ্ঞাসা করুন।

এই দেশে আপনার থাকার সময়, আপনার প্রতিনিধি এবং কর্মীরা আপনার নির্দিষ্ট পরিস্থিতি অনুযায়ী অতিরিক্ত তথ্য দেবে। আপনি যেকোনো সময় প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন।



**আপনি পাবেন:**



- একটি ঘুমানোর জায়গা



- খাবার



- নিজেকে পরিষ্কার রাখার উপকরণ



- কাপড়



- দৈনন্দিন খরচের জন্য অর্থ

আপনি যদি নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের অ্যাসাইলাম প্রার্থীদের আবাসন কেন্দ্রে থাকেন, তবে আপনাকে থাকার জায়গা, খাবার এবং নিজেকে পরিষ্কার রাখার সামগ্রী প্রদান করা হবে। আপনার দৈনন্দিন খরচের অর্থ আপনার প্রতিনিধির কাছে দেওয়া হবে।

প্রয়োজনে, আপনাকে ঋতু অনুযায়ী উপযুক্ত পোশাক দেওয়া হবে।

## স্বাস্থ্য পরিষেবা পাওয়ার অধিকার

**কর্তৃপক্ষ নিশ্চিত করবে যেন আপনি প্রয়োজনীয় চিকিৎসা পরিষেবা পান।**

**আপনি যেকোনো চিকিৎসা সংক্রান্ত সমস্যার কথা কর্মকর্তা এবং নিজের প্রতিনিধিকে জানাতে পারেন।** আপনার যদি দরকার হয়, তারা আপনাকে নার্স বা চিকিৎসকের কাছে যেতে সাহায্য করবেন।




যদি ডাক্তার মনে করেন দরকার আছে, তবে তিনি ওষুধ দেবেন এবং বিশেষজ্ঞ চিকিৎসকের কাছে যাওয়ার পরামর্শ দেবেন।

কর্মকর্তারা এবং আপনারপ্রতিনিধি আপনাকে জানাবেন যদি আপনার নার্স বা ডাক্তারের সাথে মেডিকেল চেকআপ করার প্রয়োজন হয় । তারা আপনার স্বাস্থ্যের খোঁজ নেবেন এবং প্রয়োজন হলে আপনাকে সাহায্য করবেন।


আপনার যদি তৎক্ষণাৎ চিকিৎসা প্রয়োজন হয় বা এমন কোনো আঘাত পান যার জন্য তৎক্ষণাৎ চিকিৎসার প্রয়োজন হয়, তাহলে কর্মীদের জানান। যদি আপনি আপনার বসবাসের স্থান থেকে দূরে থাকেন, তাহলে আপনি বিনা খরচে জরুরি নম্বর 112 এ ফোন করতে পারেন।

## যদি এমন কিছু হয়, তাহলে **কর্মকর্তা** আর **প্রতিনিধিকে** জানান:



- আপনি অসুস্থ, আহত বা আপনার জরুরি চিকিৎসা সহায়তা বা ওষুধের প্রয়োজন।
- আপনি যদি মাদকদ্রব্য ব্যবহার করেন বা মদ্যপান করেন
- আপনি যদি আগে কখনো বা এখন কারো কাছ থেকে মারধর বা খারাপ ব্যবহার পেয়ে থাকেন
- আপনি যদি গর্ভবতী হন বা হতে পারেন বলে মনে হয়
- আপনি একা হাঁটতে পারেন না অথবা আপনার শুনতে ও দেখতে সমস্যা হয়
- আপনি যদি খুব চিন্তিত, বিষণ্ণ হন, ঘুমাতে না পারেন, বা আপনার মনে কোনো নেতিবাচক চিন্তা থাকে
- আপনি অসুরক্ষিত বোধ করেন বা কাউকে ভয় পান, হোক তা অপরিচিত কোনো ব্যক্তি অথবা আপনার পরিচিত কোনো ব্যক্তি
- আপনাকে যদি এমন কিছু করতে বাধ্য করা হয়ে থাকে বা করা হয়, যা আপনি করতে চান না
- আপনার ধর্মবিশ্বাস, আপনি যা ভালোবাসেন, আপনি যেভাবে পোশাক পরেন বা আচরণ করেন তার কারণে আপনি অসুরক্ষিত বোধ করেন।

মনে রাখবেন, কর্মকর্তা আর আপনার প্রতিনিধি আপনাকে সাহায্য করার জন্য উপস্থিত আছেন।



## সর্বোত্তম স্বার্থ মূল্যায়ন কী?



এটি এমন একটি কার্যকলাপ যেখানে আপনি অন্যান্য কর্মকর্তাদের দেখতে পাবেন যারা আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করবেন যাতে:

- আপনার **প্রয়োজনগুলো** বুঝতে
- আপনি কোন ধরনের **সহায়তা** চান তা ঠিক করতে।

এটি কর্তৃপক্ষকে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে সাহায্য করবে, যেমন আপনি কোথায় থাকবেন।

আপনি নার্স, চিকিৎসক, কর্মকর্তা এবং নিজের প্রতিনিধির উপর আস্থা রাখতে পারেন। আপনার প্রতিনিধির সম্মতি ব্যতীত আপনার বলা কোনো কথাইঅন্য কারও সঙ্গে শেয়ার করা হবে না। এর একমাত্র ব্যতিক্রম হবে যদি আপনার বা অন্য কারোর জীবন ঝুঁকির মধ্যে পড়ে।

যদি আপনি না চান যে আপনার প্রতিনিধি কে জানানো বা যুক্ত করা হোক, তাহলে কর্মকর্তাদের জানান। তারা আপনার অনুরোধ ভালোভাবে শুনবে এবং আপনার জন্য যা সবচেয়ে ভালো মনে হবে, তার ওপর ভিত্তি ক'রে সিদ্ধান্ত নেবে।

## শিক্ষার অধিকার



একজন শিশু হিসাবে, আপনার শিক্ষার অধিকার এবং শেখার অধিকার আছে। যদি আপনি স্কুলে যান এবং সেই সময়ে 18 বছর পূর্ণ করেন, তাহলে স্কুল শেষ হওয়া পর্যন্ত পড়াশোনা চালিয়ে যেতে পারবেন।

আপনার প্রতিনিধি এবং কর্মকর্তারা আপনাকে স্থানীয় স্কুলে নাম লেখাতে সাহায্য করবে। তারা আপনাকে বিভিন্ন কোর্সে অংশগ্রহণের সুযোগ সম্পর্কে জানাবেন।

কর্মীরা আপনাকে শিক্ষামূলক এবং বিনোদনমূলক বিষয়গুলি সম্পর্কে জানাবেন যা আপনাকে শিখতে, নিজের উন্নতি করতে এবং নতুন বন্ধু তৈরি করতে সাহায্য করবে।

## কাজ করার অধিকার

আপনার বয়স আর আপনার অবস্থার ওপর নির্ভর ক'রে, আপনি লাতভিয়ায় কাজ করার অনুমতি পেতে পারেন, যদি আপনি চান। আপনার প্রতিনিধি এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্মকর্তারা আপনাকে আরও তথ্য দেবে।



আপনার পরিস্থিতির উপর নির্ভর করে, লাতভিয়ায় আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন নিবন্ধিত হওয়ার তিন মাস পর আপনি কাজ করার যোগ্য হতে পারেন, যদি আপনি শরণার্থী বা বিকল্প মর্যাদা মঞ্জুর বা প্রত্যাখ্যানের বিষয়ে এখনও কোনো সিদ্ধান্ত না পেয়ে থাকেন এবং আপনি একজন অ্যাসাইলাম প্রার্থীর পরিচয়পত্র পেয়ে থাকেন।



15 বছরের কম বয়সী সকল ছেলে-মেয়ের কাজ করার অনুমতি নেই (ব্যতিক্রমী ক্ষেত্রে, তাদের 13 বছর বয়স থেকে কাজ করার অনুমতি দেওয়া হতে পারে)।

## আপনার অ্যাসাইলাম প্রার্থনা সংক্রান্ত নথিপত্র

আপনাকে একটি ব্যক্তিগত নথিপত্র দেওয়া হবে, যার ভিতর আপনার নাম এবং ছবি দেওয়া থাকবে। এটি প্রমাণ করবে যে আপনি লাতভিয়ায় একজন অ্যাসাইলাম প্রার্থী। আপনি সবসময় এই কাগজটা আপনার সঙ্গে রাখবেন।



**এই নথিটি গুরুত্বপূর্ণ। এটি যাতে হারিয়ে না যায় এবং অন্য কেউ না নিয়ে নেয় সেই বিষয়ে সতর্ক থাকবেন।**

এই নথিকে অ্যাসাইলাম প্রার্থীর পরিচয়পত্র বলা হয়।

## আপনি কোথায় থাকবেন?

যখন কর্তৃপক্ষ আপনার অ্যাসাইলাম আবেদন পরীক্ষা করবে তখন আপনি কোথায় থাকবেন তা আপনার বয়স এবং প্রয়োজনের ওপর নির্ভর করবে।







আপনার প্রতিনিধি এবং কর্মকর্তারা আপনাকে জানাবে **কোথায় থাকতে হবে**, উদাহরণস্বরূপ কোনো নির্দিষ্ট আবাসন কেন্দ্রে বা শহরে।

**আপনি শুধুমাত্র সেই স্থানে সহায়তা এবং সেবা পাবেন, যা কর্তৃপক্ষ ঠিক করেছে।**

বিরল ক্ষেত্রে, শিশুকে এমন একটি কেন্দ্রে রাখা হতে পারে যেখানে তারা ইচ্ছে মতো আসা-যাওয়া করতে পারবে না। যদি আপনি এই পরিস্থিতিতে থাকেন, আপনারপ্রতিনিধি একজন আইনগত পরামর্শদাতা এবং কর্মকর্তারা আপনাকে সাহায্য করবে।

**আপনি যেখানেই থাকেন না কেন, আপনার নিরাপদ থাকার অধিকার আছে।**
**কারুর কখনোই নিচের কাজগুলো করার অনুমতি নেই:**



আপনাকে ভয় দেখানোর

আপনাকে অপমান করার


আপনার ক্ষতি করার

তারা যেই হোক না কেন, কোনো অপরিচিত ব্যক্তি বা আপনার পরিচিত কেউ।
যদি কর্মকর্তা বা আপনার প্রতিনিধির সঙ্গে কোনো সমস্যা হয়, আপনি সে সম্পর্কে কথা বলতে পারেন।

## যদি কেউ আপনার সাথে খারাপ আচরণ করে তাহলে আপনি কী করতে পারেন?



আপনি এ বিষয়ে এমন একজনের সঙ্গে কথা বলতে পারেন যাকে আপনি বিশ্বাস করেন, আপনার প্রতিনিধি, অথবা কর্মকর্তা।



যদি কেউ আপনাদের সঙ্গে খারাপ আচরণ করে, তাহলে আপনারা সেটা জানাতে পারেন কর্তৃপক্ষকে যাতে এমন ঘটনা আবার না ঘটে।

এটিকে বলা হয় ‘অভিযোগ করা’।

**সাবধান!**
যদি আপনি আপনার থাকার জায়গার বাইরে থাকেন এবং বিপদে পড়েন, তাহলে আপনি যেকোনো ফোন থেকে বিনা খরচে জাতীয় জরুরি নম্বর 112 তে ফোন করতে পারেন।

## আপনার রিসেপশন সংক্রান্ত বাধ্যবাধকতা কী?



এটি গুরুত্বপূর্ণ যে আপনি সত্যি কথা বলবেন এবং কর্তৃপক্ষের সঙ্গে সহযোগিতা করবেন, এমনকি কখনও আপনার কথাগুলি বলা ভীতিকর বা কঠিন মনে হলেও। আপনার প্রতিনিধি এবং কর্মকর্তারা আপনার কথা শোনার জন্য এবং আপনার দৈনন্দিন প্রয়োজনগুলোতে সাহায্য করার জন্য এখানে আছেন। কর্মীরা যদি আপনার পরিস্থিতি সম্পর্কে জানেন, তাহলে তারা আপনাকে সাহায্য করতে পারবেন।

আপনি যেখানেই থাকেন না কেন, সেখানে কিছু নিয়ম মানতে হবে। উদাহরণস্বরূপ, আপনাকে অন্যান্য বাসিন্দা এবং কর্মকর্তাদের সম্মান করতে হবে এবং শান্ত থাকার সময়ে শব্দ করা যাবে না।

কর্মীরা আপনাদের বুঝিয়ে দেবে কী কী নিয়ম আছে আর যদি কেউ নিয়ম না মানে, তখন কী হতে পারে।

এটি খুব গুরুত্বপূর্ণ যে আপনি:

- ✔ যেখানে আপনি আছেন সেই স্থানের নিয়ম মানেন ;
- ✔ কর্তৃপক্ষের কর্মকর্তাদের সাথে সহযোগিতা করুন এবং তাদের নির্দেশাবলী অনুসরণ করতে হবে;
- ✔ অন্যান্য বাসিন্দা, কর্মকর্তা এবং অন্যান্য ব্যক্তিদের সম্মান করতে হবে;
- ✔ আপনার বর্তমান ঠিকানা এবং যোগাযোগের তথ্য (ফোন নম্বর, ই-মেইল ঠিকানা) কর্তৃপক্ষের কর্মকর্তাদের জানান, যাতে যেকোনো সময় আপনার সাথে যোগাযোগ করা যায়;
- ✖ যে স্থানে কর্তৃপক্ষ আপনাকে থাকতে বলেছে সেখান থেকে চলে যাবেন না;
- ✔ এই দেশের আইন মেনে চলুন, যা কর্মকর্তারা এবং আপনার প্রতিনিধি আপনাকে বোঝাবেন।

## যদি আপনি আপনার বাধ্যবাধকতাগুলি পালন না করেন, তাহলে কী হবে?



যদি এমন হয়, আপনি খোলাখুলি আপনার প্রতিনিধি বা কর্মকর্তারাদের  সঙ্গে কথা বলতে পারেন এবং আপনার পরিস্থিতি ব্যাখ্যা করতে পারেন।

কর্তৃপক্ষ আপনার পরিস্থিতি মূল্যায়ন করবে এবং যদি তারা কোনো ব্যবস্থা নিতে চায়, তারা আপনাকে এবং আপনার প্রতিনিধিকে জানাবে।

কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে পারে যে:

- **আপনি কম সহায়তা পাবেন** , উদাহরণস্বরূপ, যদি আপনি সেই স্থানের বাইরে চলে যান যেখানে কর্তৃপক্ষ আপনাকে থাকতে বলেছে বা যদি আপনি কর্তৃপক্ষের সঙ্গে সহযোগিতা না করেন।
- **আপনি যা সহায়তা পাচ্ছেন তার কিছু হারাতে পারেন** , যদি আপনি হিংসাত্মক আচরণ করেন বা যেখানে আপনি থাকছেন সেই স্থানের নিয়ম বারবার বা গুরুতরভাবে ভাঙেন। পুলিশও ডাকা হতে পারে।



**আপনি এখন লাতভিয়ায়আছেন, যা একটি EU+ দেশ।**
**EU+ দেশগুলি হল:**

ইউরোপিয়ান ইউনিয়নের (EU) 27টি সদস্য রাষ্ট্র: অস্ট্রিয়া, আয়ারল্যান্ড প্রজাতন্ত্র, ইতালি, এস্তোনিয়া, ক্রোয়েশিয়া, গ্রীস, চেক রিপাবলিক, জার্মানি, ডেনমার্ক, নেদারল্যান্ডস, পর্তুগাল, পোল্যান্ড, ফিনল্যান্ড, ফ্রান্স, বুলগেরিয়া, বেলজিয়াম, মাল্টা, রোমানিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, সাইপ্রাস, সুইডেন, স্পেন, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, হাঙ্গেরি এবং

4টি অন্যান্য দেশ: আইসল্যান্ড, লিশটেনস্টাইন, নরওয়ে এবং সুইজারল্যান্ড।

## অ্যাসাইলাম চাওয়া এবং ইউরোপিয়ান ইউনিয়ন (EU+) দেশগুলোতে ভ্রমণের নিয়ম



আপনার প্রতিনিধি এবং কর্মকর্তারা **আপনাকে এই গুরুত্বপূর্ণ নিয়মগুলো বোঝাবেন। আপনি যেকোনো সময় তাদের কাছে প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন।**

- আপনাকে লাতভিয়ায়থাকতে হবে এবং অন্য কোনো EU+ দেশে পালিয়ে যেতে পারবেন না।
- যদি এই দেশগুলোর কোনো এক দেশে আপনার পরিবারের সদস্য থাকে, কর্তৃপক্ষ আপনাকে পারিবারিক পুনর্মিলনের অধিকার সম্পর্কে জানাবে। শুধু চলে যাবেন না।
- যদি আপনি চলে যান, তার পরিণতি নেতিবাচক হবে, যা এই ব্রোশিওরে ব্যাখ্যা করা হয়েছে। উদাহরণস্বরূপ, অন্য দেশে আপনি কম রিসেপশন সহায়তা পাবেন।
- মনে রাখবেন, প্রথমে যে EU+ দেশে পৌঁছাবেন সেখানে আপনার আশ্রয় সংক্রান্ত আবেদন রেজিস্টার করতে হবে, যদি না কর্তৃপক্ষ অন্য কিছু জানায়।
- এই দেশগুলোর মধ্যে শুধুমাত্র একটি দেশই আপনার অ্যাসাইলাম আবেদন মূল্যায়নের জন্য দায়িত্বশীল। লাতভিয়া কর্তৃপক্ষ আপনাকে জানাবে কোন দেশ এর জন্য দায়ী।

আপনারা এসব নিয়ম-কানুন আলাদা ব্রোশিওরে আরো ভালোভাবে জানতে পারবেন।

## আপনি যদি EU + দেশগুলির মধ্যে একটিতে চলে যান তবে কী হবে?




**লাতভিয়া:**

- আপনার অ্যাসাইলাম প্রসিডিউর বন্ধ হয়ে যেতে পারে।

**অন্য EU+ দেশে:**

- কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে পারে আপনাকে সেই EU+ দেশে ফেরত পাঠানোর জন্য যেটি আপনি ছেড়ে এসেছেন।

কর্তৃপক্ষ আপনাকে ফেরত পাঠানোর সিদ্ধান্ত জানালে তখন থেকেই আপনার কিছু অধিকার থাকবে না, যেমন:

- আপনি কিছু প্রকারের সহায়তা পাবেন না এবং
- আপনাকে কাজ করতে দেওয়া হবে না।

## যদি কর্তৃপক্ষের নেওয়া সিদ্ধান্তের সঙ্গে আপনি একমত না হন, তাহলে কারা আপনাকে সাহায্য করতে পারে?

আপনি আপনার প্রতিনিধির সঙ্গে কথা বলতে পারেন এবং যেকোনো প্রশ্ন করতে পারেন।

আপনারপ্রতিনিধির সাথে মিলে আপনি একজন আইনি উপদেষ্টার সাহায্য চাইতে পারেন।

একজন আইন **উপদেষ্টা** এমন একজন ব্যক্তি যিনি এই দেশের নিয়ম জানেন এবং আপনার পরিস্থিতি অধ্যয়ন করে আপনাকে সাহায্য করতে পারেন।



কর্মীরাও আপনাকে এমন বে-সরকারি সংস্থার তথ্য দেবে যারা আপনাকে তথ্য এবং সহায়তা দিতে পারে।




আপনি যে কোনো সময় জাতিসংঘ শরণার্থী সংস্থা (UNHCR)-এর সাথে যোগাযোগ করতে পারেন। UNHCR সেইসব মানুষকে সাহায্য করে ও রক্ষা করে, যাদের নিজেদের দেশ ছেড়ে যেতে বাধ্য করা হয়েছে।

## যদি কোনো সহায়তা পরিবর্তিত হয়, তাহলে কী হবে?

যদি কর্তৃপক্ষ 15 নম্বর পৃষ্ঠায় বর্ণিত পরিস্থিতির কারণে কিছু নির্দিষ্ট ধরনের সহায়তা সীমিত বা বাতিল করার সিদ্ধান্ত নেয়, তবুও আপনি পারবেন:



- স্কুলে যেতে



- ডাক্তার বা নার্সের কাছে দেখা করতে এবং চিকিৎসা সহায়তা পেতে



- আপনার ব্যক্তিগত পরিস্থিতি এবং প্রয়োজন অনুযায়ী সাহায্য পেতে, যার অর্থ কর্তৃপক্ষ দ্বারা নির্ধারিত স্থানে ঘুমানোর জায়গা এবং কিছু সহায়তা পাওয়া।

যখন কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেবে যে আপনার চলে অন্য কোনো EU+ দেশে যাওয়ার কারণে প্রদত্ত স্বাগত সহায়তা বাতিল করা হবে, তখন আপনি যা সহায়তা পাবেন তা আপনার ব্যক্তিগত পরিস্থিতি এবং প্রয়োজনের উপর নির্ভর করবে। আপনি তবুও স্কুলে যেতে পারবেন।

## যোগাযোগের তথ্য

যদি আপনার কোনো প্রশ্ন থাকে বা থাকার সময় সহায়তা প্রয়োজন হয়, আপনি এখানে কাজ করা কর্মীদের সঙ্গে কথা বলতে পারেন:

| অ্যাসাইলাম প্রার্থী গ্রহণ কেন্দ্রসমূহ | |
|---|---|
| | স্টেট বর্ডার গার্ড<br>ঠিকানা: Rūdolfa iela 5, Riga<br>ফোন: +371 67913300<br>ই-মেইল: pasts@rs.gov.lv<br>https://www.rs.gov.lv/<br><br>নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক অফিস<br>ঠিকানা: Čiekurkalna 1. līnija 1, k-3, Riga<br>ফোন: +371 67209400<br>ই-মেইল: pasts@pmlp.gov.lv<br>https://www.pmlp.gov.lv/ |

আপনি এই সংস্থাগুলোর সাথেও যোগাযোগ করতে পারেন, নিম্নলিখিত বিষয় সম্পর্কিত প্রশ্নের জন্য:

## চিকিৎসা সহায়তা



**জাতীয় স্বাস্থ্য পরিষেবা**

ঠিকানা: Cēsu iela 31 k-3, entrance 6, Riga

ফোন: +371 80001234

ই-মেইল: nvd@vmnvd.gov.lv

https://www.vmnvd.gov.lv

## মানসিক-সামাজিক সাপোর্ট



**শিশু ও কিশোর-কিশোরীদের হেল্পলাইন 116111**

শিশু ও কিশোর-কিশোরীদের মনস্তাত্ত্বিক সহায়তা এবং সংকটকালীন পরিস্থিতিতে সহায়তা প্রদান করে।

## শিশু সুরক্ষা



**শিশু সুরক্ষা কেন্দ্র**

ঠিকানা: Ventspils iela 53, Riga

ফোন: +371 67359128

ই-মেইল: pasts@bac.gov.lv

https://www.bac.gov.lv

**শিশু ও কিশোর-কিশোরীদের হেল্পলাইন 116111**

শিশু ও কিশোর-কিশোরীদের মনস্তাত্ত্বিক সহায়তা এবং সংকটকালীন পরিস্থিতিতে সহায়তা প্রদান করে।

## বিপদে পড়া শিশুদের জন্য হেল্পলাইন



যদি আপনি উপেক্ষিত বোধ করেন বা বিপদে পড়েন, তাহলে আপনি কল করতে পারেন বিনামূল্যে 112 এ।

যদি আপনার ভাই, বোন বা কোনো বন্ধু নিখোঁজ হয়ে যায়, তাহলে আপনি 116 000 - Missing Children Europe-এ কল করতে পারেন

## আইনগত পরামর্শ, সহায়তা এবং প্রতিনিধিত্ব



কোর্ট অ্যাডমিনিস্ট্রেশন
ঠিকানা: Antonijas iela 6, Riga
ফোন: +371 67063800
ই-মেইল: pasts@ta.gov.lv
https://www.ta.gov.lv/

## জাতিসংঘ শরণার্থী সংস্থা (UNHCR)
আশ্রয় প্রার্থী ও শরণার্থীদের স্বার্থ ও অধিকার রক্ষা করে




UNHCR (UN-এর শরণার্থী সংস্থা)
ঠিকানা: Antonijas iela 9, Riga
ফোন: +46 10 101 28 00
ই-মেইল: swest@unhcr.org
https://www.unhcr.org/

| | |
|---|---|
| **সোসাইটি ইন্টিগ্রেশন ফাউন্ডেশন ওয়ান স্টপ শপ** | ওয়ান স্টপ শপ গ্রাহক সেবা কেন্দ্রসমূহ<br>ঠিকানা:<br>Raiņa bulvāris 15, Riga, ফোন: +371 26959706<br>Rožu iela 6, Liepāja, ফোন: +371 22811020<br>Ģimnāzijas iela 11, Daugavpils, ফোন: +371 29557630<br>https://livelatvia.lv/ |
| **লাতভিয়ান মানবাধিকার কেন্দ্র** | ঠিকানা: Alberta iela 13, Riga<br>ফোন: +371 67039290<br>ই-মেইল: office@humanrights.org.lv<br>https://cilvektiesibas.org.lv/ |

যদি আপনার জরুরি চিকিৎসার প্রয়োজন হয় এবং আপনি বিপদে পড়েন, তাহলে কর্মীদের সাথে যোগাযোগ করুন। তারা আপনাকে সাহায্য করবেন।

আপনি যেখানে থাকেন যদি তার বাইরে যান এবং দুর্ঘটনা ঘটে বা আপনি বিপদে পড়েন, তাহলে এই জরুরি নম্বরে বিনামূল্যে কল করুন:

**জরুরি চিকিৎসা সেবা এবং পুলিশ: 112**

যদি আপনার কাছে ফোন না থাকে, তাহলে আপনি অন্য কাউকে আপনার হয়ে জরুরি নম্বরে কল করতে বলতে পারেন।

এই ব্রোশিওরটি শুধু তথ্য প্রদানের জন্য। এটি কোনো অধিকার বা বাধ্যবাধকতা প্রদান করে না। ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) এটির উপকরণের মূল অংশটি সরবরাহ করেছে, এবং এই ব্রোশিওরটি পুনর্মুদ্রণ বা পরিবর্তন শুধুমাত্র EU সদস্য রাষ্ট্রগুলোর জন্য EUAA কর্তৃক অনুমোদিত। EUAA EU সদস্য রাষ্ট্র বা অন্য কোনো দায়িত্বশীল তৃতীয় পক্ষের দ্বারা এই ব্রোশিওরে অন্তর্ভুক্ত তথ্যের যথার্থতা, বিষয়বস্তু, সম্পূর্ণতা, বৈধতা বা নির্ভরযোগ্যতার জন্য কোন দায় বা দায়িত্ব স্বীকার করে না। EUAA বা EUAA-এর পক্ষে কাজ করা কোনো ব্যক্তি এই ব্রোশিওরে থাকা তথ্যের ব্যবহারের জন্য দায়িত্বশীল নয়।

© ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025